বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৪

০৬ আশ্বিন ১৪২২
তারিখ : ------------------
২১ সেপ্টেম্বর ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান।

**ডে-কেয়ার সেন্টার-কে এসএমই খাতভুক্তকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

দেশের প্রায় অর্ধেক জনগোষ্ঠীর প্রতিনিধিত্বকারী নারীদের অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ নিশ্চিত ও নির্বিঘ্ন করতে বর্তমানে শহর ও মফস্বল অঞ্চলে বেসরকারিভাবে ডে-কেয়ার সেন্টার গড়ে উঠছে। এই ডে-কেয়ার সেন্টার এ বিনিয়োগের মাধ্যমে এসএমই উদ্যোগে অর্থায়ন সম্প্রসারণ এবং উদ্যোক্তা উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভব। ফলে, খাতটির গুরুত্ব বিবেচনায় এসএমই এর খাতসমূহের মধ্যে ডে-কেয়ার সেন্টারকেও অন্তর্ভুক্ত করা হল।

ডে-কেয়ার সেন্টার খাতে এসএমই উদ্যোক্তাদেরকে প্রদত্ত ঋণের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন তহবিল হতে বিধি মোতাবেক পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের বিষয়টিও বিবেচনা করা হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(স্বপন কুমার রায়)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৫০২